

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
জেলা কার্যালয়ের অফিস  
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ

নম্বর ২৬.০৪.৪৪০০.৭০৬.১৭.০১৮.২২.৪১০

তারিখ: ২৩ কার্তিক ১৪২৯

০৮ নভেম্বর ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ০৮ নভেম্বর ২০২২ তারিখে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঝিনাইদহ জেলা কার্যালয়ের বাজার তদারকির তথ্য।

হরিণাকুন্ডু উপজেলায় ০২ টি প্রতিষ্ঠানকে ১৫ হাজার টাকা জরিমানা

বাণিজ্য মন্ত্রণালয়স্বত্বাধীন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোহাম্মদ জিয়াউল হক এর নেতৃত্বে ঝিনাইদহ জেলার হরিণাকুন্ডু উপজেলার জোড়াদহ বাজারে তদারকি করা হয়। এসময় মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়/বিক্রয়ের উদ্দেশ্যে সংরক্ষণ ও প্রদর্শন করার অপরাধে কথা ফার্মেসি কে ১০০০০/- (দশ হাজার) টাকা এবং নোংরা ও অস্বাস্থ্যকর পরিবেশে মিষ্টি প্রস্তুত ও বিক্রয় ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়/বিক্রয়ের উদ্দেশ্যে সংরক্ষণ ও প্রদর্শন করার অপরাধে বিসমিল্লাহ মুসলিম মিষ্টান্ন ভান্ডার কে ৫০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ১৫০০০/- (পনেরো হাজার) টাকা প্রশাসনিক ব্যবস্থা হিসেবে জরিমানা আরোপ ও আদায় করা হয়। এছাড়া, উপস্থিত ভোক্তাদের নিকট লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয় এবং উপস্থিত জনগণকে ভোক্তা-অধিকার সম্পর্কে সচেতন করা হয়।

আজকের বাজার তদারকিকালে ১০ টি প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়। বাজার তদারকিতে সার্বিক সহযোগিতা প্রদান করেন জনাব মো: আব্দুল লতিফ, উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর, হরিণাকুন্ডু, ঝিনাইদহ এবং জনাব মো: হাফিজুর রহমান, সদস্য, ক্যাব, ঝিনাইদহ। আইন-শৃঙ্খলা রক্ষার দায়িত্বে নিয়োজিত ছিলেন ঝিনাইদহ জেলা পুলিশের একটি টিম। জনস্বার্থে এ অভিযান চলমান থাকবে।

৮-১১-২০২২

মোহাম্মদ জিয়াউল হক

সহকারী পরিচালক

ফোন: ০২৪৭৭৭৪৬৬৫০

ইমেইল: ad-

jhenaidah@dncrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।

- ২) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, (এডিএম), জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।
- ৩) উপপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, খুলনা বিভাগীয় কার্যালয়।
- ৪) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হরিণাকুন্ডু, ঝিনাইদহ।
- ৫) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬) সম্পাদক/বার্তা সম্পাদক, ....., ঝিনাইদহ (আপনার বহুল প্রচারিত দৈনিকে প্রচারের অনুরোধ করা হলো।
- ৭) অফিস কপি।